

Ex/ARTS/BNG/UG/MAJOR/3.2/2025

কলা স্নাতক অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫
(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমিস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ জি মেজর - ৩.২

(মধ্যযুগের সাহিত্য)

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৭.৫×৪=৩০

১ক. মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে কবির আত্মবিবরণী কেন গুরুত্বপূর্ণ? প্রসঙ্গত কাব্যের ‘পশুগণের ক্রন্দন’ ও ‘গুজরাট নগর পত্তন’ অংশে এর কোনো প্রভাব আছে কিনা আলোচনা করো।

৪.৫+৩=৭.৫

(অথবা)

১খ. ফুল্লরার ‘বারোমাস্যা’র সংক্ষিপ্ত পরিচয় দাও। এর মধ্যে ফুল্লরার চরিত্রের কোনো বিশেষ দিক ধরা পড়েছে বলে কি তুমি মনে কর? ৫+২.৫=৭.৫

২ক. ‘লোরচন্দ্রানী’ কাব্যের রোমান্স লক্ষণগুলি বিশ্লেষণ করে এই রচনাটিকে রোমান্টিক প্রণয়োপাখ্যান বলা কতদূর সঙ্গত, প্রয়োজনীয় উদাহরণসহ তোমার মতামত লেখো। ৭.৫

BNG-1166

[Turn Over]

(২)

(অথবা)

২খ. লোরচন্দ্রানী কাব্যের চন্দ্রানী চরিত্রে জীবনমুখিনতার পরিচয় স্পষ্ট ধরা আছে। এই মন্তব্যের মূল্যায়ন করো। ৭.৫

৩ক. অন্নদামঙ্গল কাব্যের শুরুতে যে রাজনৈতিক পটভূমির উল্লেখ আছে তা মূল আখ্যান পড়ার প্রবেশক হিসেবে কেন গুরুত্বপূর্ণ বলে তোমার মনে হয়? যুক্তিসহ নিজের মতামত লেখো। ৭.৫

(অথবা)

৩খ. অন্নদামঙ্গল কাব্যে ‘ব্যাসের শিবনিন্দা’ অংশে “যে দেহে হরি হরে/ অভেদরূপে চরে /সে দেহে নাহি তাপে স্নেদ।। একই কলেবর/ হইলা হরি হর/ বুঝিতে প্রেম পরিচ্ছেদ।।” পঙ্ক্তির মধ্যে ভারতচন্দ্রের আধ্যাত্মিক চিন্তার যে প্রকাশ দেখা যায় তা ব্যাস প্রসঙ্গ সূত্রে বুঝিয়ে দাও। ৭.৫

৪ক. শাক্ত পদাবলির ‘আগমনী ও বিজয়া’র গান বাঙালির ঘরের কথা। পঠিত গান অবলম্বনে বুঝিয়ে দাও। ৭.৫

(অথবা)

৪খ. ‘ভক্তের আকুতি’ পর্যায়ের যেকোনো দুটি গান অবলম্বনে রামপ্রসাদ সেনের কবিকৃতিত্ব আলোচনা করো। ৭.৫

★ ★ ★

BNG-1166

XX24(113)—80